দৈনিক ইত্তেফাক

তারিখ APR 22 1999
পৃষ্ঠা: ৪ কলাম ৬

12

## প্রাথমিক শিক্ষার প্রসারে

শিক্ষার প্রসার ও সাক্ষরতার হার বৃদ্ধি কল্পে প্রাথমিক শিক্ষা বিভাগ বিশেষ দায়িত্ব পালন করে। বর্তমানে অনেক মেধাবী ও উচ্চ শিক্ষিত লোক প্রাথমিক শিক্ষাদানে নিয়োজিত আছেন এবং নিয়োগ লাভে সচেষ্ট রহিয়াছেন। কিন্তু প্রাথমিক শিক্ষার নীতি নির্ধারণে এই মেধাবী শিক্ষকদের ভূমিকা পালনের সুযোগ খুবই সীমিত। কারণ প্রাথমিক শিক্ষা প্রশাসনের উচ্চ পর্যায়ের পদগুলিতে প্রাথমিক শিক্ষার সমস্যা সম্পর্কে অজ্ঞ (!) কর্মকর্তা প্রেষণে নিযুক্ত হন। ইহার ফলে প্রাথমিক শিক্ষার সমস্যাবলী দূর করা কষ্টকর হয়। মেধাবী শিক্ষক-শিক্ষিকাগণ পদোন্নতির সুযোগ বন্ধ থাকায় উৎসাহ পান না। ফলে সার্বিক সাক্ষরতা অভিযান অনেক ক্ষেত্রে ব্যাহত (!) হয়। এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাগণের যোগ্যতা নির্ধারণসহ পদোন্নতির মাধ্যমে প্রাথমিক প্রশাসনের উচ্চ পর্যায়ের ১০০ ভাগ শূন্য পদ পূরণের ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিতেছি।

প্রভাত চন্দ্র সরকার,
প্রধান শিক্ষক,
শহীদ নবী মডেল সরকারী,
প্রাথমিক বিদ্যালয়,
টিকাটুলী, ঢাকা ১২০৩।